# الْصَّرْفُ الْمُيَسَّرُ

## مع التصريفات والأبواب والقواعد الصرفية

## تحت إشراف

### الأستاذ شفيق الإسلام الإمدادي راحت

مدير جامعة الأستاذ شهيد الله فضل الباري رحـ داكا

## المُؤَلِّف


### الأستاذ عظيم الدين

أمين التعليم

لجامعة الأستاذ شهيد الله فضل الباري رحـ داكا

| | |
|---|---|
| **الكتاب** | الصرفُ الْمُيَسَّر |
| **تحت إشراف** | الأستاذ شفيق الإسلام الإمدادي راحت<br>مدير جامعة الأستاذ شهيد الله فضل الباري رحـ. داكا |
| **المؤلف** | مولانا عظيم الدين الْمومن شاهيّ<br>أمين التعليم لجامعة الأستاذ شهيد الله فضل الباري رحـ. داكا. |
| **المحرر** | الأستاذ سالم بن عبد اللطيف<br>مشرف قسم اللغة العربية لجامعة الأستاذ شهيد الله فضل الباري رحـ. داكا. |
| **سعر النسخة** | ١١٠ تاكا فقط |

جميع الحقوق محفوظة لصاحبها
(সর্বস্বত্ব সংরক্ষিত)

**اسم الطالب:** ..............................................

**المدرسة:** ..............................................

**الصفُّ:** ..............................................

**رقم التسلسل:** ..............................................

**العام الدراسي:** ..............................................

# উৎসর্গ

আমার ছরফের উস্তায,
ছাত্র গড়ার কারিগর, আদর্শ শিক্ষক
**মুফতি ইমদাদুল্লাহ দা.বা.** (পাহাড়ী হুজুর, চট্টগ্রাম)।

ছরফশাস্ত্র অধ্যয়নে
যারা সবেমাত্র যাত্রা শুরু করেছেন
তাদের জন্য আমার এই ক্ষুদ্র প্রয়াস।

এই কিতাবটি সংগ্রহ করতে,
কোনো ভুল দৃষ্টিগোচর হলে,
ও যেকোনো পরামর্শের জন্য
নিম্নযুক্ত নাম্বারে কল করতে পারবেন।
**01838-452237** (আজিম উদ্দিন)

# ভূমিকা

حامدا ومصليا ومسلما أما بعد

আলহামদুলিল্লাহ, আল্লাহ তায়ালার অশেষ মেহেরবানি ও শুকরিয়া, যিনি আমাকে এই করোনার ভয়াবহ পরিস্থিতিতে সুস্থতার নিয়ামত দান করেছেন।

কুরআন-হাদিসের অর্থ বুঝতে নাহু-সরফের জ্ঞান থাকা অপরিহার্য। প্রাথমিক শিক্ষার্থীরা A to Z ছরফশাস্ত্র আয়ত্ত করতে এই কিতাবটি তাদের সহায়ক হবে ইনশাআল্লাহ।

আশা করি, প্রাথমিক ছাত্ররা খুব সহজে মিজান কিতাবটি আয়ত্তের পাশাপাশি বাবসমূহ ও غير الصحيح এর ছীগাসমূহ খুব সহজে আয়ত্ত করতে পারবে। তাছাড়া ছীগাসমূহ ভালো করে আয়ত্ত করতে বেশ কিছু অনুশীলন ও ব্যাপক মাছদার দেওয়া হয়েছে।

এই কিতাবের সূচনা হয়েছিল দু'জন ছাত্রকে পাঠদানের মাধ্যমে। তারা ছিল ছরফশাস্ত্রে আমার প্রথম ছাত্র। যাদেরকে শিখানোর মাধ্যমে আমার ছোট্ট কাজটি আলোর মুখ দেখেছে। আল্লাহ তাদেরকে দীনের দায়ী হিসেবে কবুল করুন। আমীন।

তাদেরকে পড়াতে গিয়ে যখন মাথায় যা আসত সেগুলোই আস্তে আস্তে একত্র করতে থাকি। একসময় আমার অজান্তেই অনেক লেখা জমা হয়ে যায়।

কিতাবটি কলেবরে ছোট হলেও ছরফের প্রাথমিক শিক্ষার্থীরা এটি পড়ে সহজে ছরফ নিজের আয়ত্তে নিয়ে আসতে পারবে ইনশাআল্লাহ।

## এই কিতাবের কিছু বৈশিষ্ট্য

≡ কোনো ধরনের অতিরিক্ত নিয়ম-নীতি ছাড়াই ماضي থেকে اسم التفضيل পর্যন্ত ছীগাসমূহের গর্দান সহজভাবে আয়ত্ত করানোর পাশাপশি প্রত্যেকটি ছীগার অর্থ দেওয়া হয়েছে।

≡ منشعب কিতাবের সকল বাব থেকে কোরআন-হাদীসে বহুল ব্যবহৃত বাবগুলো এই কিতাবে আনা হয়েছে । আর বাকি কম ব্যবহৃত বাবগুলো শুধু জেনে রাখার জন্য এক ছকে উল্লেখ করা হয়েছে। পাশাপশি প্রত্যেক

বাবের কিছু মাছদার উল্লেখ করা হয়েছে যাতে শিক্ষার্থীরা পর্যাপ্ত অনুশীলন করতে পারে।

≡ সংক্ষিপ্ত কয়েকটি কায়দা উল্লেখ করার পর غير الصحيح এর গর্দান দেওয়া হয়েছে। এমন কতিপয় নিয়মনীতি উল্লেখ করেছি, যেগুলো ماضي থেকে اسم التفضيل পর্যন্ত ছীগার গর্দান টানতে প্রয়োজন হয়। বেশি কায়দা না লিখে সংক্ষিপ্তভাবে ৬ থেকে ৭টি কায়দা উল্লেখ করেছি যাতে শিক্ষার্থীরা খুব সহজে মুখস্থ করতে পারে।

≡ প্রতিটি সূত্র ও নিয়ম-নীতির এমন একটি নাম দিয়েছি যেই নামের মধ্যে নিয়মের সিংহভাগ বর্ণনা এসে যায়।

## বইটি কেন সংগ্রহ করবেন?

১. আমরা বাঙালি। তাই বাংলা ভাষায় যেকোনো কিতাব পড়তে, বুঝতে ও মুখস্থ করতে যতটুকু সহজ, অন্য ভাষায় ততটুকু সহজ নয়। সেজন্য নিজের ভাষায় নতুন কিছু শিখতে শুরু করা উচিত ।

২. আমরা منشعب কিতাবে ৪৪ টি باب পড়ে বছরের অর্ধেকের বেশি সময় শেষ করে দিই। অথচ ৪৪ باب এর সবগুলোর ব্যবহার কুরআন-হাদিস ও আরবি কিতাবসমূহে নেই । শুধু ২৪ টি বাবের ব্যবহার পাওয়া বেশি পাওয়া যায়, বাকিগুলোর ব্যবহার খুবই কম ।
কম ব্যবহারৃত باب গুলো পেছনে কম সময় দিয়ে غير الصحيح এর মধ্যে সময় দেওয়া বেশি উপকার হবে। কারণ সর্বমোট ২৪ টি باب , কুরআন-হাদিস বুঝতে ও আরবি কিতাবাদির ইবারত পড়তে যথেষ্ট। বাবের আলোচনার শুরুতেই এক ছকে ২৪ টি باب দেওয়া হয়েছে ।

৩. القواعد الصرفية اللازمة বাংলা ভাষায় অল্প কথায় উপস্থাপন করা হয়েছে। যাতে মুখস্থ করতে ও মুখস্থ রাখতে সহজ হয়। এবং ماضي থেকে اسم التفضيل পর্যন্ত ছীগাসমূহ গর্দান দিতে ৬ থেকে ৭ টি নিয়ম প্রয়োজন হয়। সেই ৭ টি নিয়ম ছাড়া বাকি নিয়ম-কানুনগুলো এড়িয়ে গেছি। যাতে ছরফ শিখতে এসে قواعد মুখস্থ করার বিরক্তিকর ঝামেলা পোহাতে না হয়।

৪. আরবদের লিখিত ১২ টি কিতাবের নির্যাস এখানে একত্র করা হয়েছে। আরবদের নিকট ماضي مطلق ছাড়া আর কোনো ماضي নেই। কেন নেই? কিতাবে এর বিস্তারিত আলোচনা আছে।

৫. এটি ক্বদীম সিলেবাসে ফার্সি ভাষায় লিখিত میزان، منشعب، پنج غنج، زُبْدَة কিতাবগুলোর চাহিদা পূরণ করবে। ইনশাআল্লাহ।

আল্লাহ তায়ালা আমাদের এই চেষ্টাকে কাবুল করুন।

আজিম উদ্দিন
৩-১-২০২২ ঈ.

# فهرس

**البَّابُ الأَوَّلُ................................................................ ١٣**

**فِيْ الصِّيَغِ الصَّحِيْحَةِ.......................................................... ١٣**

**أَفْعَالُ الْمَاضِيْ..................................................................١٤**

البحث: الماضي المطلق المعروف المُثْبَت................................................. ١٤

البحث: الماضي المطلق المجهول المُثْبَت................................................. ١٤

البحث: الماضي المطلق المعروف المَنْفِيْ................................................. ١٤

البحث: الماضي المطلق المجهول المَنْفِيْ................................................. ١٤

البحث: الْماضي المطلق المَعْرُوْف.........................................................١٦

البحث: الماضي المطلق المجهول..........................................................١٧

البحث: الماضي البعيد المعروف......................Error! Bookmark not defined.

البحث: الماضي البعيد المجهول......................Error! Bookmark not defined.

**الْفِعْلُ الْمُضَارِعُ.............. Error! Bookmark not defined.**

البحث : المضارع المعروف المُثْبَت................Error! Bookmark not defined.

البحث : المضارع المجهول المثبت..................Error! Bookmark not defined.

البحث : المضارع المعروف المَنْفِيُّ..................Error! Bookmark not defined.

البحث : المضارع المجهول المَنْفِيُّ..................Error! Bookmark not defined.

البحث: الماضي الاستمراري المعروف............Error! Bookmark not defined.

البحث: الماضي الاستمراري المجهول.............Error! Bookmark not defined.

النَّفْيُ المُؤَكَّدُ بِلَنْ في المُسْتَقْبَل المعروف.........Error! Bookmark not defined.

النَّفْيُ المُؤَكَّدُ بِلَنْ في المُسْتَقْبَلِ المجهول......... Error! Bookmark not defined.

الماضي المنفي بلم في المضارع المعروف............ Error! Bookmark not defined.

الماضي المنفي بلم في المضارع المجهول............. Error! Bookmark not defined.

الْمُضَارِعُ مَعَ لَامِ وَنُوْنِ التَّاكِيْدِ........... Error! Bookmark not defined.

المضارع مَعَ لامِ التَّاكِيدِ وَنُوْنِ التَّاكِيدِ الثَّقِيْلَة المعروف... Error! Bookmark not defined.

الْمُضارع مَعَ لَامِ التَّاكِيْدِ وَنُوْنِ التَّاكِيْدِ الثَّقِيْلَةِ المجهول.. Error! Bookmark not defined.

المُضَارِعُ مَعَ لَامِ التَّاكِيْدِ وَنُوْنِ التَّاكِيْدِ الْخَفِيْفَةِ المعروف Error! Bookmark not defined.

الْمُضَارِعُ مَعَ لَامِ التَّاكِيْدِ وَنُوْنِ التَّاكِيْدِ الْخَفِيْفَةِ المجهول. Error! Bookmark not defined.

بَابُ الْأَمْرِ........................ Error! Bookmark not defined.

البحث: الأمر المعروف................................. Error! Bookmark not defined.

البحث: الأمر المجهول.................................. Error! Bookmark not defined.

بَابُ النَّهْيِ........................ Error! Bookmark not defined.

البحث: النهي المعروف................................. Error! Bookmark not defined.

البحث: النهي المجهول.................................. Error! Bookmark not defined.

بَابُ نُوْنِ التَّاكِيْدِ مَعَ الْأَمْرِ وَالنَّهْيِ....... Error! Bookmark not defined.

البحث: الأمر المعروف مع نون التاكيد الثقيلة.............. Error! Bookmark not defined.

البحث: النهي المعروف مع نون التاكيد الثقيلة.............. Error! Bookmark not defined.

البحث: الأمر المعروف مع نون التاكيد الخفيفة............. Error! Bookmark not defined.

البحث: النهي المعروف مع نون التاكيد الخفيفة............. Error! Bookmark not defined.

بَابُ الْأَسْمَاءِ الْمُشْتَقَّةِ....... Error! Bookmark not defined.

اِسْمُ الْفَاعِلِ................................................ Error! Bookmark not defined.

اسم المَفْعُوْلِ................................................ Error! Bookmark not defined.

البحث: اِسْمُ الظَّرْفِ.................................... Error! Bookmark not defined.

اسم الآلة.................................................... Error! Bookmark not defined.

اسم التَّفْضِيْل................................................ Error! Bookmark not defined.

الْبَابُ الثَّانِيْ.................................................................. ١٨

فِي الْأَبْوَابِ الْمُسْتَعْمَلَةِ المَشْهُوْرَةِ.............................................. ١٨

الْمِيْزَانُ الصَّرْفِيُّ.................................................................. ٢٠

جَدْوَلُ الْأَبْوَابِ الْمُسْتَعْمَلَةِ.......................................................... ٢١

الثُّلَاثِيْ الْمَزِيْدُ فِيْه الْمُلْحَقُ بِالرُّبَاعِيْ............................................ ٢٤

الْبَابُ الثَّالِثُ.................................................................. ٢٥

فِيْ غَيْرِ الصَّحِيْحِ.............................................................. ٢٥

قَوَاعِدُ الْمَهْمُوْزِ.............................................................. ٢٦

قَوَاعِدُ الْمِثَالِ ( مُعْتَلُ الْفَاءِ) .............. Error! Bookmark not defined.

**قَوَاعِدُ الْأَجْوَفِ (مُعْتَلُ الْعَيْنِ) ........... Error! Bookmark not defined.**
**قَوَاعِدُ النَّاقِصِ (مُعْتَلُ الْلَامِ)............. Error! Bookmark not defined.**
**التَّصْرِيْفَاتُ لِلَّفِيْفِ......... Error! Bookmark not defined.**
**قَوَاعِدُ الْمُضَاعَفِ........... Error! Bookmark not defined.**



الحمد لله رب العالمين والصلاة والسلام على أشرف الْمُرسلين وخاتم النبيين ورحمة للعالمين سيدِّنا محمدٍ وعلى آله وصحبه أجمعين.

যে কোনো বিষয় শুরু করার পূর্বে সে বিষয়ের গুরুত্ব ও প্রয়োজনীয়তা জানা দরকার। তাই চলুন, ছরফশাস্ত্রে প্রবেশ করার পূর্বে তার সংজ্ঞা, আলোচ্য বিষয়, উদ্দেশ্য ও গুরুত্ব জেনে নিই। এই বিষয়গুলোকে مُقَدَّمَةُ العِلْم বলা হয়।

**حدُّ علمِ الصرف (ইলমুছ ছরফের সংজ্ঞা):** মাছদার থেকে বিভিন্ন ফেয়েল বা ইসম তৈরি করার নিয়ম-কানুন জানাকে علم الصَّرَف বলা হয়। যেমন: النَصْرُ মাছদার থেকে نَصَرَ، يَنْصُرُ، اُنْصُرْ، لا تَنْصُرْ এই ফেয়েলগুলো তৈরি করার নিয়ম এবং ناصِرٌ، مَنْصُورٌ، مَنْصَرٌ، مِنْصَرٌ، أَنْصَرُ এই ইসমগুলো তৈরি করার নিয়ম জানাকেই ইলমুছ ছরফ বলা হয়।

**موضوع علمِ الصَّرَف (ইলমুছ ছরফের আলোচ্য বিষয়)**: যে ফেয়েল বা ইসম পরিবর্তনযোগ্য সেগুলো নিয়ে আলোচনা করা। যেমন: النصر একটি পরিবর্তনযোগ্য মাছদার; তাতে পরিবর্তন করে نَصَرَ ফেয়েল তৈরী করা হয়। نَصَرَ একটি পরিবর্তনযোগ্য ফেয়েল; তাতে পরিবর্তন করে يَنْصُرُ বানানো হয়েছে। কিন্তু زيد ، جعفر ইত্যাদি ইসমগুলো এখানে আলোচনার বিষয় না, কারণ এগুলো পরিবর্তনযোগ্য না।

**غَرْض عِلْمِ الصَّرف (ইলমুছ ছরফের উদ্দেশ্য):** মাছদার বা ফেয়েল থেকে বিভিন্ন শব্দ গঠন ও রূপান্তর করার সময় ভুল-ভ্রান্তি থেকে বেঁচে থাকাই ইলমুছ ছরফের উদ্দেশ্য।

## أَقْسَامُ الفِعْلِ بِحَسَبِ الصِّحَةِ والإِعْلَالِ

### صحيح এবং غير الصحيح এর ভিত্তিতে ফেয়েল দু'প্রকার

١. الفعل الصحيح (السالم)

٢. الفعل غير الصحيح (غير سالم)


১. الفعل الصحيح বলা হয়, যার মূল অক্ষরে حروف العلة[1] ও همزة থাকবে না এবং মূল হরফ দ্বিত্ব হবে না। যেমন- ضربَ

২. الفعل غير الصحيح বলা হয়, যার মূল অক্ষরে حروف العلة ও همزة থাকবে এবং মূল হরফ দ্বিত্ব হবে। যেমন- وقع، قال، دُعِيَ، قَرَأَ، مَدَّ

❖ হরফে ইল্লত ফা-কালিমায় থাকলে, তাকে مِثَال বলা হয়। যেমন- وَقَعَ , আইন কালিমায় থাকলে أَجْوَف বলা হয়। যেমন- قال , লাম কালিমায় থাকলে ناقِص বলা হয়। যেমন- دَعَا , যদি হরফে ইল্লত দু'টি থাকে তাহলে তাকে لفِيْف বলা হয়। যেমন- طَوَى , দু'টি হরফে ইল্লত একসাথে থাকলে اللفيف الْمَقْرُوْن বলা হয়, আর আলাদা থাকলে اللفيف الْمَفْرُوْق বলা হয়। যেমন- وَقَى

[1] حروف العلة বলা হয় মদের হরফকে। حروف العلة তিনটি: ألف، واو، ياء

## أَقْسَامُ الفِعْلِ بِحَسَبِ الصِّحَةِ والإعلالِ




## أقْسَامُ الفِعْلِ بِحَسَبِ الجُمُوْدِ والتَصَرُّفِ

الفعل الجامد বলা হয় যে ফেয়েলের শুধু একটি রূপ থাকবে। শুধু মাজি থাকবে বা আমর থাকবে। একসাথে ماضي ও أمر এর ছীগায় রূপান্তরিত হবে না। যেমন- تَعَالَ، لَيْسَ এগুলো অন্য ফেয়েলে রূপান্তরিত হয় না। শুধু মাজি বা আমরের ছীগায় ব্যবহার হয়। **আরো কিছু উদাহরণ:**

مَا دَامَ، مِنْ أَفْعَالِ النَّاقِص.

قَرُبَ، مِنْ أَفْعَالِ الْمُقَارَبَة.

عَسَى، حَرَا ، اِخْلَوْلَقَ، مِنْ أَفْعَالِ الرجاء.

نِعْمَ، حَبَّذَ ، بِئْسَ، سَاءَ مِنْ أفعال المَدَحِ والذَّمِّ.

أَخَذَ ، طَفِقَ، شَرَعَ، أَنْشَأَ مِنْ أفَعَالِ الشُّرُوعِ

الفعل المتصَرِّف বলা হয়, যে ফেয়েল ماضي، مضارع، أمر এ রূপান্তরিত হয়। যেমন- ضَرَبَ، يَضْرِبُ، اِضْرِبْ

**الفعل المُتَصَرِّف দুই প্রকার:**

1. **تام التَّصَرُّف**

(طَلَبَ، يَطْلُبُ، أُطْلُبْ -যেমন ।এর গর্দান টানা যাবে ماضي، مضارع، أمر)

2. ناقِصُ التَّصَرُّف

(শুধু ماضي، مضارع এর গর্দান টানা যাবে।) যেমন-

كَادَ، يَكَادُ، أَوْشَكَ، يُوْشِكُ، مَا زَالَ، مَا يَزَالُ، ما بَرِحَ، ما يَبْرَحُ، مَا انْفَكَّ، مَا يَنْفَكُّ.

## أَقْسَامُ الفِعْلِ بِحَسَبِ الزَّمَن

কাল হিসাবে ফেয়েল তিন প্রকার:

١. ماضي ٢. مضارع ٣. أمر

মনে রেখো- الفعل الماضي শুধু অতীতের অর্থ প্রকাশ করে। الفعل المضارع বর্তমান ও ভবিষ্যতের অর্থ প্রকাশ করে। الأمر শুধু ভবিষ্যতের অর্থ প্রকাশ করে।

# البَّابُ الأَوَّلُ
# فِيْ الصِّيَغِ الصَّحِيْحَةِ

التصاريف من الماضي إلى اسم التفضيل

# أَفْعَالُ الْمَاضِيْ

## البحث: الماضي المطلق المعروف المُثْبَت

فَعَلَ، فَعَلَا ، فَعَلُوْا ، فَعَلَتْ، فَعَلَتَا ، فَعَلْنَ، فَعَلْتَ، فَعَلْتُمَا ، فَعَلْتُمْ، فَعَلْتِ، فَعَلْتُمَا ، فَعَلْتُنَّ، فَعَلْتُ، فَعَلْنَا.

## البحث: الماضي المطلق المجهول المُثْبَت

فُعِلَ، فُعِلَا ، فُعِلُوْا ، فُعِلَتْ، فُعِلَتَا ، فُعِلْنَ، فُعِلْتَ، فُعِلْتُمَا ، فُعِلْتُمْ، فُعِلْتِ، فُعِلْتُمَا ، فُعِلْتُنّ، فُعِلْتُ، فُعِلْنَا.

## البحث: الماضي المطلق المعروف المَنْفِيْ

ما فَعَلَ، ما فعَلَا ، ما فعَلُوْا ، ما فَعَلَتْ، ما فعَلَتَا ، ما فَعَلْنَ، ما فَعَلْتَ، ما فَعَلْتُمَا ، ما فَعَلْتُمْ، ما فعَلْتِ، ما فعَلْتُمَا ، ما فعَلْتُنَّ، ما فَعَلْتُ، ما فَعَلْنَا.

## البحث: الماضي المطلق المجهول المَنْفِيْ

ما فُعِلَ، ما فُعِلَا ، ما فُعِلُوْا ، ما فُعِلَتْ، ما فُعِلَتَا ، ما فُعِلْنَ، ما فُعِلْتَ، ما فُعِلْتُمَا ، ما فُعِلْتُمْ، ما فُعِلْتِ، ما فُعِلْتُمَا ، ما فُعِلْتُنّ، ما فُعِلْتُ، ما فُعِلْنَا.

❖ শিক্ষার্থীদেরকে ماضي مطلق এর গঠনপ্রণালী শিখানো ছাড়াই, প্রথমে মাযির ছীগাসমূহ মুখস্থ করিয়ে দিন। এরপর فَعَلَ এর গর্দানের অনুপাতে বিভিন্ন মাছদার দিয়ে গর্দান টানতে বলুন।

## জরুরি কথা

❖ مصدر হচ্ছে সকল ফেয়েলের মূল। তাই মাছদার থেকে শুধু واحد مذكر غائب (এক বচন, পুংলিঙ্গ ও নামপুরুষ) এর একটি ছীগা তৈরি করা হয়। বাকি ছীগাগুলো ফায়েলের বিভিন্ন আলামত যোগ করে তৈরি করা হয়। যেমন: الفِعْلُ থেকে فَعَلَ, এখন فَعَلَ এর শেষে فاعل এর বিভিন্ন আলামত যোগ করে বাকি ছীগাসমূহ তৈরি করা হয়।

**علامات الفاعل:** ا، و، تْ، تَا، نَ، تَ، تُمَا، تُمْ، تِ، تُمَا، تُنَّ، تُ، نَا.

❖ যে ফেয়েলের فاعل (কর্তা) উল্লেখ থাকে তাকে فعل معروف বলা হয়। আর যে ফেয়েলের فاعل (কর্তা) উল্লেখ থাকে না, বরং অজানা থাকে, তাকে فعل مجهول বলা হয়।

- **একটি সহজ টেকনিক মনে রেখো-** ماضي مجهول এর عين কালিমায় সর্বদায় যের হয়। যেমন-فُعِلَ  এবং مُضارع مجهول এর عين কালিমায় সর্বদায় যবর হয়। যেমন-يُفْعَلُ
- ماضي ও مضارع এর معروف এর সকল ছীগার عين কালিমায় যবর, যের ও পেশ; এই তিনও হরকত হতে পারে। যেমন- نَصَرَ يَنْصُرُ، سَمِعَ يَسْمَعُ، كَرُم يَكْرُمُ، فَتَحَ يَفْتَحُ، ضَرَبَ يَضْرِبُ.

## অনুশীলনী

- প্রতিটি بحث এর শুরু থেকে শেষ, এবং আবার শেষ থেকে শুরু পর্যন্ত এক নিঃশ্বাসে গর্দান দাও।
- ছীগাগুলো মুখস্থ খাতায় লিখে উস্তাযকে দেখাও।
- فاعل এর আলামতগুলো মুখস্থ শোনাও।

### ছীগা, ছীগার নাম, ও অর্থসহ এক নজরে দেখো।

## البحث: الْماضي المطلق المَعْرُوْف

| المعانـي | الصِّيَغ | أسماء الصيغة |
|---|---|---|
| সে একজন পুরুষ করেছে/করল। | فَعَلَ | واحد مذكر غائب |
| তারা দু'জন পুরুষ করেছে/করল। | فَعَلَا | تثنية مذكر غائب |
| তারা সকল পুরুষ করেছে/করল। | فَعَلُوْا | جمع مذكر غائب |
| সে একজন মহিলা করেছে/করল। | فَعَلَتْ | واحد مؤنث غائب |
| তারা দু'জন মহিলা করেছে/করল। | فَعَلَتَا | تثنية مؤنث غائب |
| তারা সকল মহিলা করেছে/করল। | فَعَلْنَ | جمع مؤنث غائب |

| | | |
|---|---|---|
| তুমি একজন পুরুষ করেছ/করলে। | فَعَلْتَ | واحد مذكر حاضر |
| তোমরা দু'জন পুরুষ করেছ/করলে। | فَعَلْتُمَا | تثنية مذكر حاضر |
| তোমরা সকল পুরুষ করেছ/করলে। | فَعَلْتُمْ | جمع مذكر حاضر |
| তুমি একজন মহিলা করেছ/করলে। | فَعَلْتِ | واحد مؤنث حاضر |
| তোমরা দু'জন মহিলা করেছ/করলে। | فَعَلْتُمَا | تثنية مؤنث حاضر |
| তোমরা সকল মহিলা করেছ/করলে। | فَعَلْتُنَّ | جمع مؤنث حاضر |
| আমি একজন (পুরুষ/মহিলা) করেছি/করলাম। | فَعَلْتُ | واحد متكلم |
| আমরা সকল (পুরুষ/ মহিলা) করেছি/করলাম। | فَعَلْنَا | جمع متكلم |

## البحث: الماضي المطلق المجهول

| المعاني | الصيغ | أسماء الصيغة |
|---|---|---|
| সে একজন পুরুষকে করা হয়েছে। / সে একজন পুরুষ কৃত হল। | فُعِلَ | واحد مذكر غائب |
| তারা দু'জন পুরুষকে করা হয়েছে/কৃত হল। | فُعِلَا | تثنية مذكر غائب |
| তারা সকল পুরুষকে করা হয়েছে/কৃত হল। | فُعِلُوْا | جمع مذكر غائب |
| সে একজন মহিলাকে করা হয়েছে/কৃত হল। | فُعِلَتْ | واحد مؤنث غائب |
| তারা দু'জন মাহিলাকে করা হয়েছে/কৃত হল। | فُعِلَتَا | تثنية مؤنث غائب |
| তারা সকল মহিলাকে করা হয়েছে/কৃত হল। | فُعِلْنَ | جمع مؤنث غائب |
| তুমাকে করা হয়েছে / কৃত হল। | فُعِلْتَ | واحد مذكر حاضر |
| তোমরা দু'জন পুরুষকে করা হয়েছে/কৃত হলে। | فُعِلْتُمَا | تثنية مذكر حاضر |

| المعاني | الصيغ | أسماء الصيغة |
|---|---|---|
| তোমরা সকল পুরুষকে করা হয়েছে/কৃত হলে। | فُعِلْتُمْ | جمع مذكر حاضر |
| তুমি একজন মহিলাকে করা হয়েছে/কৃত হলে। | فُعِلْتِ | واحد مؤنث حاضر |
| তোমরা দু'জন মহিলাকে করা হয়েছে/কৃত হলে। | فُعِلْتُمَا | تثنية مؤنث حاضر |
| তোমরা সকল মহিলাকে করা হয়েছে/কৃত হলে। | فُعِلْتُنَّ | جمع مؤنث حاضر |
| আমাকে (পুরুষ/মহিলা) করা হয়েছে/কৃত হলাম। | فُعِلْتُ | واحد متكلم |
| আমাদেরকে (পুরুষ/মহিলা) করা হয়েছে/কৃত হলাম। | فُعِلْنَا | جمع متكلم |

## التمرين

**نَصَرَ، ضَرَبَ، سَمِعَ، فَتَحَ، كَرُمَ، حَسِبَ**

- উপরোল্লেখিত প্রত্যেকটি ছীগা দিয়ে ماضي এর সবগুলো ছীগা গর্দান দাও এবং ছীগা, ছীগার নাম ও ছীগার অর্থসহ লিখে উস্তাযকে দেখাও।
- প্রতিটি ছীগায় فاعل এর আলামত মুখস্থ বলো।

# الْبَابُ الثَّانِيْ
# فِي الأَبْوَابِ الْمُسْتَعْمَلَةِ المَشْهُوْرَةِ

# কিছু পরিভাষা

**باب :** মাছদার থেকে فعل তৈরি করার যে নিয়ম বা কাঠামো রয়েছে সেই নিয়ম বা কাঠামোকে باب বলা হয়।

**ثلاثي مجرد** বলা হয়, যার মূল অক্ষর তিনটি থাকবে এবং তাতে কোনো অতিরিক্ত হরফ থাকবে না। যেমন- نَصَرَ، ضَرَبَ

**ثلاثي مَزِيْد فيه** বলা হয়, যার মূল অক্ষর তিনটি থাকবে এবং তাতে কিছু অতিরিক্ত হরফও থাকবে। যেমন- اِجْتَنَبَ, এর মূল মাদ্দা বা অক্ষর হল: جَنْبٌ তবে এখানে ألف ও تاء অতিরিক্ত হরফ।

**رُباعي مجرد** বলা হয়, যার মূল অক্ষর চারটি থাকবে এবং তাতে কোনো অতিরিক্ত হরফ থাকবে না। যেমন- بَعْثَرَ

**رُباعي مزيد فيه** বলা হয়, যার মূল অক্ষর চারটি থাকবে তবে তাতে কিছু অতিরিক্ত হরফও থাকবে। যেমন- اِبْرَنْشَقَ এর মূল মাদ্দা হল: بَرْشَقٌ তবে এখানে ألف، نون অতিরিক্ত হরফ।

**الصَّرْف الصغير** বলা হয়, ماضي থেকে اسم التفضيل পর্যন্ত প্রত্যেকটি بحث থেকে একটি করে ছীগা গর্দান দেওয়া। যেমন-

نَصَرَ، يَنْصُرُ، نَصْرًا فهو ناصِرٌ ونُصِرَ، يُنْصَرُ، نَصْرًا فهو مَنْصُوْرٌ الأمرُ مِنْهُ اُنْصُرْ النهي عَنْه لا تَنْصُرْ... .

**الصَّرْف الكَبِير** বলা হয়, ماضي থেকে اسم التفضيل পর্যন্ত প্রত্যেকটি بحث আলাদা-আলাদা গর্দান দেওয়া।

# الْمِيْزَانُ الصَّرْفِيُّ

ছরফবিদগণের নিকট ميزان হলো, এমন কিছু নির্দিষ্ট ওজন বা ছীগার মাপ যেগুলোর উপর ভিত্তি করে আরো অনেক ছীগা তৈরি করা হয়। ميزان এর উপর অনুমান করে তৈরিকৃত ছীগাকে موزون বলা হয়।

শব্দের মূল হরফ আর অতিরিক্ত হরফ বের করতে ميزان এর সাথে খাপ খাওয়ানো অতীব জরুরি। ثلاثي এর মিযান হচ্ছে فَعَلَ । এই ওজনের সাথে মেপে মূল হরফ ও অতিরিক্ত হরফ বের করা হয়। যেমন: ... اِسْتَفْعَلَ ،اِفْتَعَلَ ،فَعَلَ এগুলো হল ميزان ।

فَعَلَ এর فاء কে, ফা-কালিমা বলা হয়। আইনকে আইন-কালিমা বলা হয়। আর লামকে লাম-কালিমা বলা হয়। যেমন: اِجْتَنَبَ ،نَصَرَ

نصر এর মধ্যে ن ফা-কালিমার অন্তর্ভুক্ত এবং ص আইন-কালিমা, আর ر লাম-কালিমার অন্তর্ভুক্ত। এখানে তিনটি হরফই মূল হরফ, অতিরিক্ত হরফ নেই। এভাবে اِجْتَنَبَ ছীগাটি اِفْتَعَلَ মিযানের সাথে খাপ খেয়েছে। তাই ب ،ن ،ج ছাড়া বাকি تاء ،ألف অতিরিক্ত হরফ।

رُباعي ও خماسي এর মিযান তৈরি করতে فَعَلَ এর লাম-কালিমাকে তাকরার করতে হয়। লামকে একবার তাকরার করলে رباعي এর ওজন তৈরি হয়, যেমন:بَعْثَرَ এর মিযান হচ্ছে فَعْلَلَ আর দুইবার তাকরার করলে خُماسي এর ওজন তৈরি হয়, যেমন: جَحْمَرِشٌ এর মিযান فَعْلَلِلٌ

এভাবে প্রত্যেকটি موزون কে ميزان এর ওজনের বরাবর করলে, মূল হরফ আর অতিরিক্ত হরফ বের করতে সহজ হবে, ইনশাআল্লাহ।

# جَدْوَلُ الْأَبْوَابِ الْمُسْتَعْمَلَةِ

## الثُّلَاثِيُّ

### الثُّلَاثِيُّ الْمُجَرَّدُ

لَه سِتَّةُ أَبْوَابٍ.

### الثُّلَاثِيُّ الْمَزِيْدُ فِيْهِ

#### مَعَ الْهَمْزَةِ الْوَصْلِ

لَه تِسْعَةُ أَبْوابٍ، والأَرْبَعَةُ الأُولى مِنْهَا كَثْرَةُ الاِسْتِعْمَالِ

#### بِدُوْنِ هَمْزَةِ الْوَصْلِ

لَه خَمْسَةُ أَبْوَابٍ.

| الثُّلَاثِيُّ الْمُجَرَّدُ | مَعَ الْهَمْزَةِ الْوَصْلِ | بِدُوْنِ هَمْزَةِ الْوَصْلِ |
|---|---|---|
| نَصَرَ، يَنْصُرُ | اِفْتِعَال= اِجْتَنَبَ يَجْتَنِبُ | إِفْعَال = أَكْرَمَ، يُكْرِمُ |
| ضَرَبَ، يَضْرِبُ | اِسْتِفْعَال= اِسْتَنْصَرَ، يَسْتَنْصِرُ | تَفْعِيْلُ= صَرَّفَ، يُصَرِّفُ |
| سَمِعَ يَسْمَعُ | اِنْفِعَال = اِنْفَطَرَ، يَنْفَطِرُ | تَفَعُّل = تَقَبَّلَ، يَتَقَبَّلُ |
| فَتَحَ يَفْتَحُ | اِفْعِلَال – اِحْمَرَّ، يَحْمَرُّ | مُفَاعَلَة = قَاتَلَ، يُقَاتِلُ |
| كَرُمَ يَكْرُمُ | اِفْعِيْلال= اِدْهَامَّ، يَدْهَامُّ | تَفَاعُل = تَقَابَلَ، يَتَقَابَلُ |
| حَسِبَ يَحْسِبُ | اِفْعِيْعَال= اِخْشَوْشَنَ، يَخْشَوْشِنُ | |
| | اِفْعِوَّال= اِجْلَوَّذَ، يَجْلَوِّذُ | |
| | اِفَّاعُل= اِثَّاقَلَ، يَثَّاقَلُ | |
| | اِفَّعُّل= اِطَّهَّرَ، يَطَّهَّرُ | |

## الرُّبَاعِيُّ

### الرُّبَاعِيْ الْمُجَرَّدُ

الفَعْلَلَةُ = بَعْثَرَ، يُبَعْثِرُ

### الرُّبَاعِيْ الْمَزِيْدُ فِيْهِ

#### مَعَ هَمْزَةِ الْوَصْلِ

الاِفْعِلَّالُ = اِقْشَعَرَّ، يَقْشَعِرُّ

الاِفْعِنْلَالُ= اِبْرَنْشَقَ، يَبْرَنْشِقُ

#### بِدُوْنِ هَمْزَةِ الْوَصْلِ

التفَعْلُل= تَسَرْبَلَ

# বহুল ব্যবহৃত ثُلاثي مجرد এর ৬ বাব।

| الأبواب | الصَّرْفُ الصَّغير |
|---|---|
| (١) **نَصَرَ يَنْصُرُ** (بِفَتْحِ الْعَيْنِ فِي الْمَاضِيْ وَضَمِّهَا فِي الْمُضَارِعِ) | نَصَرَ يَنْصُرُ نَصْراً فَهُوَ نَاصِرٌ ونُصِرَ يُنْصَرُ نَصْراً فَهُوَ مَنْصُوْرٌ الأَمْرُ مِنْهُ أُنْصُرْ وَالنَّهْيُ عَنْهُ لاَ تَنْصُرْ الظَّرْفُ مِنْهُ مَنْصَرٌ وَالآلَةُ مِنْهُ مِنْصَرٌ ومِنْصَرَةٌ ومِنْصَارٌ وَتَثْنِيَتُهُمَا مَنْصَرَانِ ومِنْصَرَانِ وَالْجَمْعُ مِنْهُمَا مَنَاصِرُ ومَنَاصِيْر أَفْعَلُ التَّفْضِيْلِ الْمُذَكَّرِ مِنْهُ أَنْصَرُ وَالْمُؤَنَّثُ مِنْهُ نُصْرٰى وَتَثْنِيَتُهُمَا أَنْصَرَانِ ونُصْرَيَانِ وَالْجَمْعُ مِنْهُمَا أَنْصَرُوْنَ وأَنَاصِرُ وَنُصَرٌ وَنُصْرَيَاتٌ. |
| (٢) **ضَرَبَ يَضْرِبُ** (بِفَتْحِ الْعَيْنِ فِي الْمَاضِيْ وَكَسْرِهَا فِي الْمُضَارِعِ) | ضَرَبَ يَضْرِبُ ضَرْبًا فَهُوَ ضَارِبٌ وَضُرِبَ يُضْرَبُ ضَرْبًا فَهُوَ مَضْرُوْبٌ الأَمْرُ مِنْهُ اِضْرِبْ وَالنَّهْيُ عَنْهُ لَا تَضْرِبْ الظَّرْفُ مِنْهُ مَضْرِبٌ وَالآلَةُ مِنْهُ مِضْرَبٌ ومِضْرَبَةٌ ومِضْرَابٌ وَتَثْنِيَتُهُمَا مَضْرَبَانِ وَمِضْرَبانِ وَالْجَمْعُ مِنْهُمَا مَضَارِبُ ومَضَارِيبُ أَفْعَلُ التَّفْضِيْلِ الْمُذَكَّرِ مِنْهُ أَضْرَبُ وَالْمُؤَنَّثُ مِنْهُ ضُرْبٰى وَتَثْنِيَتُهُمَا أَضْرَبَانِ وُضُرْبَيَانِ وَالْجَمْعُ مِنْهُمَا أَضْرَبُوْنَ وَأَضَارِبُ وَضُرَبٌ وَضُرْبَيَاتٌ. |
| (٣) **سَمِعَ يَسْمَعُ** (بِكَسْرِ الْعَيْنِ فِيْ الْمَاضِيْ وَفَتْحِهَا فِيْ الْمُضَارِعِ) | سَمِعَ يَسْمَعُ سَمْعًا فهو سَامِعٌ وسُمِعَ يُسْمَعُ سَمْعًا فهو مَسْمُوْعٌ الأمر منه اِسْمَعْ والنهي عنه لا تَسْمَعْ الظرف منه مَسْمَعٌ والآلة منه مِسْمَعٌ ومِسْمَعَةٌ ومِسْماعٌ وتثنيتهما مَسْمَعَانِ ومِسْمَعَانِ والجمع منهما مَسَامِعُ ومَسَامِيْعُ أفعلُ التفضيلِ المذكرِ منه أَسْمَعُ والمؤنث منه سُمْعٰى وتثنيتهما أَسْمَعَانِ وسُمْعَيَانِ والجمع منهما أَسْمَعُوْنَ وأسَامِعُ وسُمَعٌ وسُمْعَيَاتٌ. |

| الأبواب | الصَّرْفُ الصَّغير |
|---|---|
| (٤) **فَتَحَ يَفْتَحُ** (بِفَتْحِ الْعَيْنِ فِيْ كِلَيْهِمَا) | فَتَحَ يَفْتَحُ فَتْحًا فهو فَاتِحٌ وفُتِح يُفْتَحُ فَتْحا فهو مَفْتُوْحٌ الأمر منه اِفْتَحْ والنهي عنه لا تَفْتَحْ الظرف منه مَفْتَحٌ والآلة منه مِفْتَحٌ ومِفْتَحَةٌ ومِفْتَاحٌ وتثنيتهما مَفْتَحَانِ وَمِفْتَاحانِ والجمع منهما مَفَاتِحُ ومَفَاتِيْحُ أفعل التفضيل المذكَّرِ منه أَفْتَحُ والمؤنث منه فُتْحٰى وتثنيتهما أَفْتَحَانِ وفُتْحَيَانِ والجمع منهما أَفْتَحُوْنَ وأَفَاتِحُ وفُتَحٌ وفُتْحَيَاتٌ. |
| (٥) **كَرُمَ يَكْرُمُ** (بضم العين في كِلَيْهِمَا) | كَرُمَ يَكْرُمُ كَرَمًا وكَرَامَةً فهو كَرِيْمٌ * الأمر منه أُكْرُمْ والنهي عنه لا تَكْرُمْ الظرف منه مَكْرَمٌ والآلة منه مِكْرَمٌ ومِكْرَمَةٌ ومِكْرَامٌ وتثنيتهما مَكْرَمَانِ ومِكْرَمَانِ والجمع منهما مَكَارِمُ ومَكَارِيْمُ أَفْعَلُ التفضيلِ المذكرِ منه أَكْرَمُ والمؤنث منه كُرْمٰى وتثنيتهما أَكْرَمَانِ وكُرْمَيَانِ والجمع منهما أَكْرَمُوْنَ وأَكَارِمُ وكُرَمٌ وكُرْمَيَاتٌ. |
| (٦) **حَسِبَ يَحْسِبُ** (بِكَسْرِ الْعَيْنِ فِيْ كِلَيْهِمَا) | حَسِبَ، يَحْسِبُ، حَسْبًا، وحِسْبَانًا، فهو حَاسِبٌ وحُسِبَ، يُحْسَبُ، حَسْبًا وحِسْبَانًا فهو مَحْسُوْبٌ، الأمر منه اِحْسِبْ والنهي عنه لا تَحْسِبْ الظرف منه مَحْسِبٌ، والآلَةُ منه مِحْسَبٌ ومِحْسَبَةٌ ومِحْسَابٌ، وتَثْنِيَتُهما مَحْسِبَانِ ومِحْسَبَانِ والجمع منهما مَحَاسِبُ ومَحَاسِيْبُ، أفعلُ التفضيلِ المذكرِ منه أَحْسَبُ والمؤنث منه حُسْبَى وتثنيتهما أَحْسَبَانِ وحُسْبَيَانِ والجمع منهما أَحْسَبُوْنَ وأَحَاسِبُ وحُسَبٌ حُسْبَيَاتٌ. |

# الثُّلَاثِيْ الْمَزِيْدُ فِيْه الْمُلْحَقُ بِالرُّبَاعِيْ

**বলা হয়, যেটি মূলত ثلاثي অর্থাৎ তিন অক্ষর বিশিষ্ট। তবে ثلاثي এর অর্থ ছাড়া অন্য অর্থ প্রকাশের জন্য তার মধ্যে কোনো হরফ বৃদ্ধি করা হয়। তখনই ثلاثي এর ওজনটি رباعي এর ওজনের সাথে মিলে যায়।** الملَحق بالرباعي যেমন: جَلَبَ অর্থ আকর্ষণ করা। তবে যখন লাম কালিমাকে তাকরার করে, جَلْبَبَ পড়া হয় তখন তার অর্থ হয়- ব্লাউজ পরানো। লক্ষ করো, এখন جَلْبَبَ ফেয়েলটি بَعْثَرَ এর সাথে মিলে গেল। এভাবে جَرُمَ، يَجْرُمُ অর্থ অপরাধ করা। মূল মাদ্দা হল: جَرْمٌ তবে শুরুতে تاء বৃদ্ধি করলে تَرْجَمَ، يُتَرْجِمُ হয়, যার অর্থ হল, অনুবাদ করা। লক্ষ করো, এখন تَرْجَمَ ফেয়েলটি بَعْثَرَ এর ওজনের সাথে মিল খাপ খেয়েছে।

এই ملحق بالرباعي এর বাবগুলো খুবই কম ব্যবহার হয় এবং কুরআন-হাদিসেও তেমন ব্যবহার নেই। সেজন্য এগুলো পেছনে বেশি সময় ব্যয় করার প্রয়োজন নেই। এই মুহূর্তে غير الصحيح এর ছীগায় সময় দেওয়া খুবই দরকার। মনে রেখো ملحق بالرباعي এর ১৮টি বাব। নামগুলো নিচের ছক থেকে দেখে নাও। বিস্তারিত علم الصيغة কিতাবে পড়বে।

الثلاثي الْمَزيد فيه الْمُلْحَقُ بالرُّبَاعِيْ

- الْمُلْحَقُ بالرُّبَاعِي الْمُجَرَّد
  - لَه سَبْعَةُ أَبْوَابٍ
    - ١. فَعْلَلَةٌ =جَلْبَبَ يُجَلْبِبُ
    - ٢. فَعْوَلَةٌ = سَرْوَلَ يُسَرْوِلُ
    - ٣. فَيْعَلَةٌ = صَيْطَرَ يُصَيْطِرُ
    - ٤. فَعْيَلَةٌ = شَرْيَفَ يُشَرْيِفُ
    - ٥. فَوْعَلَةٌ = جَوْرَبَ يُجَوْرِبُ
    - ٦. فَعْنَلَةٌ = قَلْنَسَ يُقَلْنِسُ
    - ٧. فَعْلَاةٌ = قَلْسٰى يُقَلْسِيْ
- الْمُلْحَق بالرُباعي المزيد فيه
  - الْمُلْحَق بِتَفَعْلُلٌ
    - ١. تَفَعْلُلٌ = تَجَلْبَبَ يَتَجَلْبَبُ
    - ٢. تَفَعْوُلٌ = تَسَرْوَلَ يَتَسَرْوَلُ
    - ٣. تَفَيْعُلٌ = تَشَيْطَنَ يَتَشَيْطَنُ
    - ٤. تَفَوْعُلٌ = تَجَوْرَبَ يَتَجَوْرَبُ
    - ٥. تَفَعْنُلٌ = تَقَلْنَسَ يَتَقَلْنَسُ
    - ٦. تَمَفْعُلٌ = تَمَسْكَنَ يَتَمَسْكَنُ
    - ٧. تَفَعْلُتٌ = تَعَفْرَتَ يَتَعَفْرَتُ
    - ٨. تَفَعْلٍ = تَقَلْسٰى يَتَقَلْسٰى
  - الْمُلْحَق بِافْعِلَّالٌ
    - ١.اِفْوِعْلَالٌ = اِكْوَهَدَّ
  - الْمُلْحَق بِافْعِنْلالٌ
    - ١. اِفْعِنْلالٌ= اِقْعَنْسَسَ
    - ٢. اِفْعِنْلَاءٌ = اِسْلَنْقٰى

# الْبَابُ الثَّالِثُ
# فِيْ غَيْرِ الصَّحِيْحِ

(مهموز، معتل، لفيف، مضاعف)

## قَوَاعِدُ الصَّرْفِ مُخْتَصَرًا وَمُسَهَّلًا

مهموز বলা হয়, যার মূল মাদ্দায় হামযা থাকে।

হামযা فاء কালিমায় থাকলে, তাকে مهموز الفاء বলা হয়। যেমন- أَكَلَ আর আইন কালিমায় হামযা থাকলে, তাকে مهموز العين বলা হয়। যেমন- سَأَلَ এবং লাম কালিমায় হামযা থাকলে مهموز اللام বলা হয়। যেমন- قَرَأَ

## قَوَاعِدُ الْمَهْمُوْزِ

### ১। رَاسٌ، بُوْسٌ، ذِيْبٌ এর কায়দা।

همزة منفردة ساكنة পূর্বের হরকতের موافق حرف العلة দ্বারা পরিবর্তন হয়ে যায়। যেমন- رَاسٌ، بُوْسٌ، ذِيْبٌ মূল রূপ হল: رَأْسٌ، بُؤْسٌ، ذِئْبٌ

### ২। يَسَلُ، قَدَفْلَحَ، يَرْمِيَ خَاهُ এর কায়দা।

همزة منفردة متحركة এর পূর্বে সাকিন হলে, হামযার হরকত পূর্বে দিয়ে হামযা পড়ে যায়। যেমন- يَسَلُ، قَدَفْلَحَ، يَرْمِيَ خَاهُ

মূল রূপ হল: يَسْأَلُ، قَدَ أَفْلَحَ، يَرْمِيْ أَخَاهُ

(এই কায়দাটি জায়েযী তবে رؤية মাসদার থেকে নির্গত সকল ছীগায় এই কায়দাটি وُجوبي)

### ৩। جُوَرٌ، مِيَرٌ، سُوَالٌ এর কায়দা।

همزة منفردة مفتوحة তার পূর্বে পেশ বা যের হলে همزة منفردة مفتوحة পূর্বের হরকতের موافق حرف العلة দ্বারা পরিবর্তন হয়ে যায়।

যেমন: جُوَرٌ، مِيَرٌ، سُوَالٌ মূল রূপ হল: جُؤَرٌ، مِئَرٌ، سُؤَالٌ

**৪। مَقْرُوَّةٌ، خَطِيَّةٌ، أُفَيِّسٌ এর কায়দা।**

همزة منفردة متحركة টি ياء التصغير এর পর মদ্দে যায়েদা অথবা واو، ياء পূর্বের হরফ অনুযায়ী পরিবর্তন হয়ে যায় এবং إدغام এর কায়দা প্রয়োগ হয়ে ইদগাম হয়ে যায়।
যেমন: مَقْرُوَّةٌ،خَطِيَّةٌ، أُفَيِّسٌ মূল রূপ হল: مَقْرُوْءَةٌ، خَطِيْئَةٌ، أُفَيْئِسٌ.

**৫। آمَنَ، أُوْمِنَ، إِيْمَانٌ এর কায়দা।**

এক কালিমায় দু'হামযা প্রথমটি متحرك দ্বিতীয়টি সাকিন হলে, দ্বিতীয় হামযাটি প্রথম হামযার হরকতের موافق حرف العلة দ্বারা পরিবর্তন হয়ে যায়। যেমন: آمَنَ، أُوْمِنَ، إِيْمَانٌ মূল রূপ হল: أَأْمَنَ، أُؤْمِنَ، إِئْمَانٌ

**বি.দ্র.** أَكَلَ–يَأكُلُ، أَخَذَ–يَأخُذُ، أَمَرَ–يَأمُرُ এই তিনটির أمر উপরের ৫ নং কায়দা অনুপাতে أُوْكُلْ، أُوْخُذْ، أُوْمُرْ হওয়া উচিত, কিন্তু خِلَافُ الْقِيَاس এই তিনটির أمر সর্বদা كُلْ، خُذْ، مُرْ হয়ে থাকে।

**জরুরী কথা:** مهموز এর সকল কায়দা جوازي শুধু ৫ নং কায়দাটি ব্যতীত কারণ এই ৫ নং কায়দাটি وُجوبي

**৬। جَاءٍ، أَيِمَّةٌ، أَوَادِمٌ এর কায়দা।**

এক কালিমায় দুই হামযা متحرك , কোনো একটি যের হলে দ্বিতীয় হামযাটি ياء দ্বারা পরিবর্তন হয়, অন্যথায় واو দ্বারা পরিবর্তন হয়।

যেমন: جاءٍ، أَيِمَّةٌ، أَوَادِمٌ মূল রূপ হল: جايِئٌ[2]، أَئِمَّةٌ، أَأَادِمُ

**বি. দ্র.** مهموز এর ছীগায় কায়দা প্রয়োগ হয়ে কিছু পরিবর্তন হলে তাকে تخفيف বলা হয়। معتل এর ছীগায় কায়দা প্রয়োগ হয়ে কিছু পরিবর্তন হলে তাকে تعليل বলা হয়। আর যদি مضاعف এর ছীগায় কায়দা প্রয়োগ হয়ে কিছু পরিবর্তন হয় তাকে إدغام বলা হয়।

## الصرف الصغير

### مهموز الفاء من باب نصر ينصر:

أَكَلَ يَاكُلُ[৩] أَكْلًا فهو آكِلٌ وأُكِلَ يُؤْكَلُ أَكْلًا فهو ماكُولٌ الأمرُ مِنه كُلْ والنَّهيُ عَنْه لا تَاكُلْ الظرف منه مَاكَلٌ والآلة منه مِيْكَلٌ ومِيْكَلَةٌ وَمِيْكَالٌ وتثنيتهما مَاكَلانِ ومِيْكَلانِ والجمع منهما مَآكِلُ ومَآكِيْلُ أفعل التفضيل منه آكَلُ[৪] والمؤنث منه أُكْلى وتثنيتهما آكَلانِ وأُكْلَيانِ والجمع منهما آكَلونَ وأَوَاكِلُ وأُكَلٌ وَأُكْلَياتٌ.

## الصرف الكبير

---

[২] جايِئٌ এর মধ্যে তিনটি কায়দা প্রয়োগ হয়েছে। প্রথমে بائِعٌ এর কায়দা প্রয়োগ হয়ে ياء হামযা দ্বারা পরিবর্তন হয়েছে এখন جائِئٌ হলো। অতঃপর ৬নং কায়দা অনোযায়ী দ্বিতীয় হামযাটি ياء দ্বারা পরিবর্তন হয়ে যায়। এখন جائِيٌ হয়েছে। এখন তৃতীয় আরেকটি কায়দা প্রয়োগ হয়েছে। কায়দাটি হলো: **"ضمة، كسرة এর পর واو، ياء উপর ضمة، كسرة ভারি বিধায় واو ، ياء সাকিন হয়ে যায়"** এই কায়দা অনুযায়ী جائِيٌ এর ياء সাকিন হয়ে جائِيْنْ হয়ে যায়। এখন ياء এক সাকিন ও তানভীন এক সাকিন; এই দুই সাকিন একত্রে পড়া কঠিন। তাই ياء বিলুপ্ত হয়ে جاءٍ হয়ে যায়।

[৩] ياكُل এর মধ্যে ১নং কায়দা প্রয়োগ হয়েছে।

[৪] ৫নং কায়দা প্রয়োগ হয়েছে। মূল রূপ ছিল: أَأْكَلُ

| الماضي | | المضارع | | الأمر | النهي |
|---|---|---|---|---|---|
| أَكَلَ | أُكِلَ | يَاكُلُ[5] | يُؤْكَلُ | لِيَأْكُلْ | لا يَأْكُلْ |
| أَكَلا | أُكِلا | يَاكُلانِ | يُؤْكَلانِ | لِيَأْكُلا | لا يَأْكُلا |
| أَكَلُوْا | أُكِلُوْا | يَاكُلُوْنَ | يُؤْكَلُوْنَ | لِيَأْكُلوْا | لا يَأْكُلُوْا |
| أَكَلَتْ | أُكِلَتْ | تَاكُلُ | تُؤْكَلُ | لِتَأْكُلْ | لا تَأْكُلْ |
| أَكَلَتَا | أُكِلَتَا | تَاكُلانِ | تُؤْكَلانِ | لِتَأْكُلا | لا تَأْكُلا |
| أَكَلْنَ | أُكِلْنَ | يَاكُلْنَ | يُؤْكَلْنَ | لِيَأْكُلْنَ | لا يَأْكُلْنَ |
| أَكَلْتَ | أُكِلْتَ | تَاكُلُ | تُؤْكَلُ، | كُلْ | لا تَأْكُلْ |
| أَكَلْتُمَا | أُكِلْتُمَا | تَاكُلانِ | تُؤْكَلانِ | كُلا | لا تَأْكُلا |
| أَكَلْتُمْ | أُكِلْتُمْ | تَاكُلُوْنَ | تُؤْكَلُوْنَ | كُلُوا | لا تَأْكُلُوا |
| أَكَلْتِ | أُكِلْتِ | تَاكُلِيْنَ | تُؤْكَلِيْنَ | كُلِيْ | لا تَأْكُلِيْ |
| أَكَلْتُمَا | أُكِلْتُمَا | تَاكُلانِ | تُؤْكَلانِ | كُلا | لا تَأْكُلا |
| أَكَلْتُنَّ | أُكِلْتُنَّ | تَاكُلْنَ | تُؤْكَلْنَ | كُلْنَ | لا تَأْكُلْنَ |
| أَكَلْتُ | أُكِلْتُ | آكُلُ | أُؤْكَلُ | لِآكُلْ | لا آكُلْ |
| أَكَلْنَا | أُكِلْنَا | نَاكُلُ | نُؤْكَلُ | لِنَأْكُلْ | لا نَأْكُلْ |

**مهموز العين من باب ضَرَبَ يَضْرِبُ:** أَسَرَ يَأْسِرُ أَسْرًا وإِسَارَةً فهو آسِرٌ وأُسِرَ يُؤْسَرُ أَسْرًا وإِسارَةً فهو مأْسُورٌ الأمر منه اِيْسِرْ والنهي عنه لا تأْسِرْ والظرف منه مَأْسَرٌ والآلة منه مِأسَرٌ ومِأْسَرَةٌ ومِأْسَارٌ ....

---

[5] এখানে يَأْكُلُ হামযা উচ্চারণ করেও পড়া যাবে। আবার رَاسٌ، بُوْسٌ، ذِيْبٌ এর কায়দা প্রয়োগ করে হামযাকে আলিফ দ্বারা পরিবর্তন করেও পড়া যাবে। যেহেতু কায়দাটি জায়েযী কায়দা।

المراجع


١. □
٢. موسوعة النحو والصرف
٣. كتاب الكامل في النحو والصرف
٤. في علم الصرف
٥. القواعد الأساسية في النحو والصرف
٦. الصرف الميسر لأبي بكر بن سالم
٧. الصرف الوافي
٨. الصرف التعليمي والتطبيقي في القرآن الكريم
٩. البسيط في الصرف
١٠. الواضح في الصرف
١١. الطريق إلى الصرف
١٢. نزهة الطرف في علم الصرف
١٣. علم الصرف


**الحمد لله**